



২২/বি, কবি ফররুখ সরগি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স : +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.org.bd, www.desco.org.bd



স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২২. ৪২০

তারিখঃ ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০৮ জুন ২০২২ খ্রিস্টাব্দ

চেয়ারম্যান

বাংলাদেশ এটমিক এনার্জি রেগুলেটরি অথরিটি

ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২১৭।

ফোন-০১৬৭৫-৩০৫৭০০।

QF-PRJ-06

বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।

- সূত্রঃ (১) আবেদন নথি নং- ৩৫০ (আগারগাঁও), এসই(পিএভিডি)-২৯৭, তাং- ১০/০৫/২০২২ খ্রিঃ।
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৩৯৪, তারিখ-০১/০৬/২০২২ খ্রিঃ।
(৩) ০৭/০৬/২২ তারিখের পে-অর্ডার নং-৩৬০৬৩৯৫ (অগ্রণী ব্যাংক লিঃ), টাকা = ১৩,৫২০/-
(৪) ০৭/০৬/২২ তারিখের পে-অর্ডার নং-৩৬০৬৩৯৪ (অগ্রণী ব্যাংক লিঃ), টাকা = ২৬,২৬,৩২৫/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'বাংলাদেশ এটমিক এনার্জি রেগুলেটরি অথরিটি', ই-১২/এ, আগারগাঁও, ঢাকা স্থাপনার জন্য বিদ্যমান ২৬২ কিঃওঃ লোডের অতিরিক্ত ৩৩৮ কিঃওঃ লোড বৃদ্ধি করে অর্থাৎ সর্বমোট (২৬২+৩৩৮)= ৬০০ (ছয়শত) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে ডিসেম্বর-২০২২ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলোঃ-

শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (আগারগাঁও) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-২০২০ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৮। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ৯। ভূ-গর্ভস্থ ক্যাবল লেইং কাজের জন্য যথাযথ কর্তৃপক্ষ (সিটি কর্পোরেশন/রাজউক/সংশ্লিষ্ট সংস্থা) হতে রাস্তা খননের প্রয়োজনীয় অনুমোদন (প্রযোজ্য ক্ষেত্রে) নিজ ব্যয়ে ও নিজ দ্বায়িত্বে সংগ্রহ করে ডেসকো বরাবর জমা প্রদান করতে হবে।
- ১০। উক্ত ছাড়পত্র ডিসেম্বর-২০২২ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



(প্রকৌঃ মোঃ আর্শেদুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। প্রধান প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আগারগাঁও সার্কেল, ডেসকো।
- ৩। নিবহী প্রকৌশলী, বিওবি বিভাগ (আগারগাঁও)।
- ৪। অফিস কপি।